

উপজেলা পরিষদ কার্যালয়
রাণীনগর, নওগাঁ।



স্মারক নং- উপকা/রাণী/ইমারত/২০২৩/১৯

তারিখ: ০৫/০১/২০২৩ খ্রি:

বিষয় : ইমারত/স্থাপনার নকশা অনুমোদন এবং ভবনের গুণগত মান নিয়ন্ত্রণ প্রসঙ্গে।

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপ-১ অধিশাখার ১০ জুলাই ২০১৭ খ্রি: তারিখের ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৪.১৫-৫৪২ নং স্মারকপত্রের আলোকে উপজেলা ও ইউনিয়ন পরিষদ এর অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনার নকশা সংশ্লিষ্ট উপজেলা পরিষদ কর্তৃক গঠিত কমিটির নিকট হতে অনুমোদন নেওয়ার নির্দেশনা রয়েছে। অনেক ক্ষেত্রেই দেখা যাচ্ছে যে, উক্ত আদেশ অমান্য করে নিয়ম বহির্ভূতভাবে ইমারত/স্থাপনা নির্মাণ করা হচ্ছে যা আইনগত দণ্ডনীয় অপরাধ। এমতাবস্থায় উপজেলা পরিষদের নকশা অনুমোদন কমিটি কর্তৃক ইমারত/স্থাপনার প্রদত্ত নকশা অনুমোদন ও ভবনের গুণগতমান নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো। অন্যথায় আইন অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী


০৫/০১/২০২৩

(মো: আব্দুর রউফ)

চেয়ারম্যান

উপজেলা পরিষদ

রাণীনগর, নওগাঁ

ও

সভাপতি

উপজেলা ও ইউনিয়ন পরিষদের অধিক্ষেত্রাধীন
এলাকায় ইমারত/স্থাপনা নকশা অনুমোদন এবং
ভবনের গুণগত মান নিশ্চিতকরণ বিষয়ক কমিটি।

স্মারক নং- উপকা/রাণী/ইমারত/২০২৩/১৯

তারিখ: ০৫/০১/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, নওগাঁ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, রাণীনগর, নওগাঁ।
- ০৪। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, রাণীনগর, নওগাঁ।
- ০৫। উপজেলা অফিসার, রাণীনগর, নওগাঁ।
- ০৬। জনাব মোঃ আনছার হোসেন, সহকারী প্রকৌশলী, এলজিইডি, রাণীনগর, নওগাঁ ও সদস্য সচিব। তাঁকে সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।
- ০৭। চেয়ারম্যান, -----ইউনিয়ন পরিষদ (সকল), রাণীনগর, নওগাঁ। তাঁকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ এলাকায় গণবিজ্ঞপ্তিটি ব্যাপকভাবে প্রচারের জন্য অনুরোধ জানানো হলো।
- ০৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, রাণীনগর, নওগাঁ তাঁকে গণবিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ জানানো হলো।
- ০৯। অফিস নথি।